

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)
উপজেলা পল্লী উন্নয়ন অফিসারে কার্যালয়
বীরগঞ্জ, দিনাজপুর।

ওয়েব পোর্টাল : brdb.birganj.dinajpur.gov.bd

স্মারক নং- ৪৭.৬২.২৭১২.০১৩.১৬.০০১.২৬.১১২

তারিখঃ ১৩/০৫/২০২৬ খ্রিঃ

বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সংযুক্ত তালিকায় বর্ণিত ১০টি ক্যাটাগরিতে “জাতীয় পল্লী উন্নয়ন পদক-২০২৪ ও ২০২৫” প্রদান করা হবে। তৎপ্রেক্ষিতে জাতীয় পল্লী উন্নয়ন পদক (সংশোধিত) নীতিমালা/২০২১ অনুযায়ী বীরগঞ্জ উপজেলা হতে মনোনয়ন চূড়ান্তকরণের লক্ষ্যে পদক পাওয়ার যোগ্য কোন ব্যক্তি/প্রতিষ্ঠান আগ্রহী হলে তাঁদের কর্মকান্ডের সচিত্র তথ্যসহ আবেদন আগামী ০১/০৬/২০২৬ খ্রি: তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে জমা দিয়ে যোগাযোগ করতে বিশেষভাবে অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, জাতীয় পল্লী উন্নয়ন পদক (সংশোধিত) নীতিমালা/২০২১ তে প্রদানকৃত ফরমেটে আবেদনপত্র এবং অন্যান্য তথ্য সফট কপিসহ (নিকস ফন্টে) জমা দিতে হবে।

ক্যাটাগরি :

- (১) পল্লী উন্নয়নে সফল উদ্যোগ, (২) পল্লী সংগঠনভিত্তিক ক্ষুদ্র ঋণের সফল ব্যবহার, (৩) পল্লী উন্নয়নে নবায়নযোগ্য শক্তির ব্যবহার, বজ্য ব্যবস্থাপনা এবং পরিবেশ সুরক্ষায় অবদান, (৪) দক্ষ মানব সম্পদ সৃষ্টি ও ব্যবহার, (৫) স্থানীয়ভাবে খাদ্য প্রক্রিয়াজাতকরণ ও বাজারজাতকরণ, (৬) সংগঠনভিত্তিক মাইক্রো সেভিংস এর অনুশীলন বৃদ্ধিকরণ ও পুঁজি গঠন, (৭) নারী উন্নয়নে যথাযথ উদ্যোগ গ্রহন (শুধুমাত্র নারী উদ্যোক্তাদের জন্য), (৮) পল্লী উন্নয়ন ও প্রায়োগিক গবেষণায় বিশেষ অবদান, (৯) কর্মকর্তা/কর্মচারী কর্তৃক ব্যতিক্রমধর্মী, উল্লেখযোগ্য ও অনুসরণীয় দৃষ্টান্ত স্থাপন, (১০) পল্লী উন্নয়নে সফল নেতৃত্ব।

সংযুক্তিঃ জাতীয় পল্লী উন্নয়ন পদক (সংশোধিত) নীতিমালা/২০২১

(এটি brdb.birganj.dinajpur.gov.bd ও brdb.gov.bd ওয়েব পোর্টালে পাওয়া যাবে)

স্বাঃ


মোঃ রাজিউর রহমান
উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
বীরগঞ্জ, দিনাজপুর।
মোবাইল: ০১৭১৯৪৬৮৬৯৭
ইমেইল: urdobirganj@brdb.gov.bd

স্মারক নং- ৪৭.৬২.২৭১২.০১৩.১৬.০০১.২৬.১১২

তারিখঃ ১৩/০৫/২০২৬ খ্রিঃ

অনুলিপি (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়) :

- (১) উপপরিচালক, বিআরডিবি, দিনাজপুর।
- (২) উপজেলা নির্বাহী অফিসার, বীরগঞ্জ, দিনাজপুর।
- (৩) উপজেলা..... অফিসার (সকল), বীরগঞ্জ, দিনাজপুর।
- (৪) চেয়ারম্যান..... ইউপি (সকল), বীরগঞ্জ, দিনাজপুর।
- (৫) সভাপতি, বীরগঞ্জ ইউসিসিএ লি: বীরগঞ্জ, দিনাজপুর।
- (৫) সভাপতি/সম্পাদক, বীরগঞ্জ প্রেস ক্লাব, বীরগঞ্জ দিনাজপুর।
- (৬) অফিস নথি।


উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
বীরগঞ্জ, দিনাজপুর।
মোবাইল: ০১৭১৯৪৬৮৬৯৭